**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**
**www.lawjusticediv.gov.bd**

নম্বর: ১০.০০.০০০০.১২৫.১১.০০১.২২.১১২

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের গত ১৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.২১.৪৪ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত মনোনীত প্রার্থীগণকে কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রেখে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে ৩০৯৩৫-৬৪৪৩০ বেতনক্রমে নিম্নলিখিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো:

| ক্রমিক | মেধাক্রম | রোল নং | প্রার্থীর নাম | পিতা/স্বামীর নাম | জন্ম তারিখ | নিজ জেলা | পদায়নকৃত পদ ও জেলা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৬ষ্ঠ | ১৬৯৪০ | মোঃ তানভীর আহমদ | পিতা- মোঃ আব্দুল মন্নান | ০১/০৭/১৯৯৪ | সিলেট | সহকারী জজ, ময়মনসিংহ |
| ২. | ৯ম | ১৬৬০৩ | আবদুল বাছিত মোল্লা | পিতা- আবদুল বারেক মোল্লা | ০১/০১/১৯৯৭ | বরগুনা | সহকারী জজ, ভোলা |
| ৩. | ১২শ | ১৩৬৩৮ | মোহাম্মদ মোতাসিম বিল্লাহ | পিতা- মোহাম্মদ ইসহাক ভূঁইয়া | ২৫/০৪/১৯৯৩ | কুমিল্লা | সহকারী জজ, কিশোরগঞ্জ |
| ৪. | ২৪শ | ১৫৪৯৮ | মাসুম বিল্যাহ | পিতা- সালাহউদ্দীন | ২০/০১/১৯৯৬ | সাতক্ষীরা | সহকারী জজ, ঝিনাইদহ |
| ৫. | ২৭শ | ১০৮২১ | মোঃ আরিফ হোসাইন | পিতা- মোঃ লেয়াকত আলী | ১১/০১/১৯৯৫ | চট্টগ্রাম | সহকারী জজ, ফরিদপুর |
| ৬. | ৪৭শ | ১৬১৮৫ | মাহমুদা আক্তার | পিতা- মোহাম্মদ আলী দুলু | ০২/১২/১৯৯৬ | নীলফামারী | সহকারী জজ, পঞ্চগড় |
| ৭. | ৫৪তম | ১৮৩৫৪ | ওয়াহিদা নাসরিন | পিতা- মোঃ আছদ আলী<br>স্বামী- মোঃ আক্তার কামাল | ১৪/০৫/১৯৯৪ | চট্টগ্রাম | সহকারী জজ, সুনামগঞ্জ |
| ৮. | ৬৮তম | ১১৭৩৪ | এইচ.এম. ইয়াসির আরাফাত | পিতা- মো. খবির উদ্দীন আহমেদ | ৩১/১২/১৯৯৭ | নড়াইল | সহকারী জজ, মাগুরা |
| ৯. | ৭৬তম | ১৩২৫৪ | মোঃ রাব্বি ইসলাম রনি | পিতা- মোঃ নূরুল ইসলাম | ২০/১১/১৯৯৬ | বরিশাল | সহকারী জজ, ভোলা |
| ১০. | ৮০তম | ১০৮০৯ | মোঃ শহিদুল ইসলাম | পিতা- আবদুল আলম | ২৮/১২/১৯৯৬ | চট্টগ্রাম | সহকারী জজ, পাবনা |
| ১১. | ৮৭তম | ১৩৯৩৯ | সুরাইয়া | পিতা- শাহজাহান<br>স্বামী- শিহাব উদ্দীন | ০১/১০/১৯৯০ | যশোর | সহকারী জজ, জয়পুরহাট |
| ১২. | ৯১তম | ১৫৭৫৩ | রায়হানুল হাসান চৌধুরী | পিতা- তাহের আহমেদ | ১৫/০২/১৯৯৫ | ফেনী | সহকারী জজ, রংপুর |
| ১৩. | ৯৫তম | ১০৬৬৩ | মোঃ হাবিবুর রহমান | পিতা- মোঃ কায়েম আলী | ০৪/০৭/১৯৯০ | সাতক্ষীরা | সহকারী জজ, ঝালকাঠি |
| ১৪. | ৯৮তম | ১৪৭০৪ | মোছাঃ স্বপ্না মুস্তারিন | পিতা- মোহাঃ গোলাম মোস্তফা | ১০/১১/১৯৯৩ | রাজশাহী | সহকারী জজ, রংপুর |

২। **উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি প্রযোজ্য হবে:**

(ক) শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) মাস [৪০ (চল্লিশ) দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ১০ (দশ) দিন জেলা লিগ্যাল এইড অফিসে, ১০ (দশ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে, ২০ (বিশ) দিন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এবং ১০ (দশ) দিন জেলা ও দায়রা জজ আদালত/কার্যালয়ে] সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলি পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

(ঘ) পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিশ সহকারী জজের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

(ঙ) শিক্ষানবিশকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোনো সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা

হলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজকে উপ-অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশিকালে অথবা শিক্ষানবিশিকাল উত্তীর্ণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তা হলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজের জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হবে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি আইনানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন, তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিশ সহকারী জজের চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলি বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

(ঠ) কোন শিক্ষানবিশ সহকারী জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;

(ড) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে আরো একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঢ) The Govetnment Servants (Conduct) Rules, 1979 এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(ণ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(ত) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত সহকারী জজকে **আগামী ০১-০৩-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ** পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত কর্মস্থলের জেলা ও দায়রা জজ এর নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। এ বিভাগ হতে পরবর্তী কোনো নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই নিয়োগপ্রাপ্ত সহকারী জজ সংশ্লিষ্ট পদায়নকৃত জেলায় যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/২/২৩

(মোহাম্মদ ওসমান হায়দার)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৫৫১০০৮৮৬

নম্বর: ১০.০০.০০০০.১২৫.১১.০০১.২২.১১২/১(৩৩)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. জেলা ও দায়রা জজ,
[সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজের যোগদানপত্রের অনুলিপি জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।]
১১. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।
১২. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
১৩. বিভাগীয় কমিশনার,
১৪. বিভাগীয় পুলিশ কমিশনার,
১৫. জেলা প্রশাসক,
১৬. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
১৭. পরিচালক, প্রশাসন, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা।
১৮. পুলিশ সুপার,
১৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২০. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/৮/বাজেট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২১. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২২. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
২৪. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অনতিবিলম্বে প্রকাশ করে এর ১২০ কপি এ বিভাগে সরবরাহের জন্য অনুরোধ করা হলো।]
২৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস,
২৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
২৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়ষক মন্ত্রণালয়।
২৮. জনাব/বেগম
২৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
৩০. যুগ্মসচিব (প্রশাসন-১/২)/বাজেট ও উন্নয়ন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩১. উপসচিব (প্রশাসন-১/২)/বাজেট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩২. অফিস কপি।
৩৩. গার্ড ফাইল।

২৬/০২/২০২৬

(মোর্শেদ আল মামুন ভুঁইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২